

া রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৩৪৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩৩৫]

১১/ (আল্লাহর পথে) জিহাদ (کتاب الجهاد)

পরিচ্ছেদঃ ২৩৪: জিহাদ ওয়াজিব এবং তাতে সকাল-সন্ধ্যার মাহাত্ম্য

(234) بَابُ فَضْلُ الْجِهَادِ

আরবী

وعنهُ رضي اللَّه عنْهُ، قالَ: سمِعْتُ رسُول اللهِ صلى الله عليه وسلم يقولُ: «إنَّ اللهَ يُدخِلُ بِالسهمِ ثَلاثةَ نَفَرٍ الجنَّةَ: صانِعهُ يحتسِبُ في صنْعتِهِ الخير، والرَّامي بِهِ، ومُنْبِلَهُ، وَارْمُوا وارْكَبُوا، وأَنْ ترمُوا أَحَبُّ إِلَيَّ مِنْ أَنْ تَرْكَبُوا . ومَنْ تَرَكَ الرَّميَ بعْد ما عُلِّمهُ رغبَةً عنه . فَإِنَّهَا نِعمةُ تَركَهَا» أَوْ قال: كَفَرَهَا» رواهُ أبو داودَ .

বাংলা

৫১/১৩৪৩। আবূ হাম্মাদ 'উকবাহ ইবনু 'আমির আল-জুহানী রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসুলুল্লাহু সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে আমি বলতে শুনেছি, আল্লাহু তিন ব্যক্তিকে একটি তীরের কারণে জান্নাতে প্রবেশ করাবেন, তীর প্রস্তুত কারক, যে তা প্রস্তুতে সাওয়াব কামনা করে, তীরটি নিক্ষেপকারী এবং তীরন্দাজের হাতে যে তীর ধরিয়ে দেয়। তোমরা তীরন্দাজী কর ও ঘোড়ায় আরোহণ করা শিখো। তোমরা যদি তীরন্দাজী শিক্ষা গ্রহণ কর তাহলে আমার নিকট তা ঘোড়ায় আরোহণ শিখার চাইতে অধিক প্রিয়। যে লোক তিরন্দাজী শিখার পর তার প্রতি অনাগ্রহী হয়ে তা ছেড়ে দেয় আল্লাহর একটি নি'মাত সে পরিত্যাগ করে অথবা তিনি (এভাবে) বলেন, সে অকৃতজ্ঞতা দেখায়। (আবু দাউদ প্রভৃতি)[1]

English

(234) Chapter: Obligation of Jihad

'Uqbah bin 'Amir Al-Juhani (May Allah be pleased with him) reported:
I heard the Messenger of Allah (ﷺ) saying, "Allah will admit three persons to Jannah for one arrow; the maker who has a good motive in making it, the one who shoots it, and the one who hands it up for shooting. So shoot and ride, but I like your shooting (more) than your riding. He who gives up archery after becoming adept in it for lack of interest, neglects a (great) blessing." (Or said,) "One who does so is ungrateful."



[Abu Dawud].

Commentary: This Hadith also highlights the importance and merit of preparation for war against the enemy. Arrow has been used here as a symbol. In modern times, a Muslim who manufactures war weapons with the intention that he will use them for Jihad, will get a reward for it along with all those who in some way co-operate with him in manufacturing them. Instead of archery and horse-riding, Muslims should now get the training of handling modern military weapons and they should beware of forgetting it because if they forget after learning it, the warning contained in this Hadith will also apply to them.

ফুটনোট

[1] হাদীসটি দুর্বল। আমি (আলবানী) বলছিঃ এর সনদে দুর্বলতা রয়েছে। যেমনটি আমি "তাখরীজু ফিকহিস সীরাহ্" গ্রন্থে (পৃ ২২৫) আলোচনা করেছি। এর সনদের বর্ণনাকারী খালেদ ইবনু যায়েদ মাজহূল (অপরিচিত) বর্ণনাকারী। তবে নিম্নের ভাষায় বর্ণিত হাদীসটি সহীহ্ঃ " من علم الرمي ثم تركه فليس منا ". "যে ব্যক্তি তীর চালানো শিখল অতঃপর তা ছেড়ে দিল সে আমাদের অন্তভুক্ত নয়।" এটিকে ইমাম মুসলিম প্রমুখ বর্ণনা করেছেন। (বিস্তারিত দেখুন "য'ঈফ আবী দাউদ- আলউস্ম" (৪৩৩)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ উকবাহ ইবন আমির (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন